বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের শাহাদাতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন



সংগৃহীত ছবি

বাংলাদেশ বিমান বাহিনী জাতির শ্রেষ্ঠ সন্তান, বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের ৫৪তম শাহাদাতবার্ষিকী গভীর শ্রদ্ধা ও মর্যাদার সঙ্গে পালন করেছে। দেশব্যাপী বিমান বাহিনীর ঘাঁটি, ইউনিট ও শিক্ষা প্রতিষ্ঠানে দোয়া মাহফিল এবং বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়।

বাংলাদেশ বিমান বাহিনী বুধবার (২০ আগস্ট) মহান মুক্তিযুদ্ধের বীরশ্রেষ্ঠ শহীদ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের ৫৪তম শাহাদাতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করেছে। এ উপলক্ষ্যে বিমান বাহিনীর সব ঘাঁটি ও ইউনিটের মসজিদে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয় এবং একাত্তরের মুক্তিযুদ্ধে তার বীরোচিত আত্মত্যাগের গৌরবোজ্জ্বল ভূমিকা শ্রদ্ধাভরে স্মরণ করা হয়।

এ সময় বিমান সদর দফতরসহ ঢাকার বিমান বাহিনী ঘাঁটিতে ঊর্ধ্বতন কর্মকর্তা ও বিমানসেনারা উপস্থিত ছিলেন।

এ ছাড়া বিমান বাহিনী পরিচালিত সব স্কুল ও কলেজে শহীদ মতিউর রহমানের জীবন ও কর্ম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীরা তার ত্যাগ ও সাহসিকতা থেকে অনুপ্রেরণা গ্রহণের অঙ্গীকার ব্যক্ত করে এবং তার আত্মার শান্তি কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

LENS ASIA